

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬৩.১৯২

তাং-----/১৪২৭ বঙ্গাব্দ
/২০২০ খ্রি:

বিজ্ঞপ্তি

যেহেতু, জনাব নাজমা খাতুন, পিতা: মৃত ওফাজ উদ্দীন খান, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভানুড়া, পাবনা এর বিরুদ্ধে তার কর্তৃপক্ষ কর্তৃক আনীত অভিযোগে উল্লেখ করা হয় যে, তিনি সরকারী নিয়ম শৃঙ্খলা যথাযথভাবে মানেন না, ব্যক্তিগত স্বার্থে কাজ করেন, হাজিরা খাতা ব্যবহার করেন না, কর্তৃপক্ষের সাথে অশ্রিল ভাষায় কথা বলেন ও বাকবিত্ত্বা করেন।

২। যেহেতু জনাব নাজমা খাতুন, পিতা: মৃত ওফাজ উদ্দীন খান, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভানুড়া, পাবনাকে ২২/০৭/২০১৮খ্রিঃ তারিখের ২৬৮ সংখ্যক স্মারকে কৈফিয়ত তলব করা হয়। তিনি উক্ত কৈফিয়ত তলবের জবাব ২৬/০৭/২০১৮খ্রিঃ তারিখে তার কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করেন।

৩। যেহেতু, তার দাখিলকৃত কৈফিয়ত তলবের জবাব সন্তোষজনক নয়, সেহেতু তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে ১১/০৩/২০১৯খ্রিঃ তারিখের ১২৩ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা নং-২৪/২০১৯ রুজু করে অভিযোগ বিবরণীসহ অভিযোগনামা তার ঠিকানায়ে প্রেরণ করা হয়। উক্ত বিভাগীয় মামলায় তার ২৫/০৩/২০১৯খ্রিঃ তারিখের দাখিলকৃত জবাব এর পরিপ্রেক্ষিতে ২০/০৮/২০২০খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত জনানী গ্রহণ করা হয়।

৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, মৌখিক বক্তব্য ও সরকার পক্ষে নথি উপস্থাপনকারী কর্মকর্তার বক্তব্য এবং সংশ্লিষ্ট নথি নিরীক্ষা ও পর্য্যালোচনায় জনাব নাজমা খাতুন, পিতা: মৃত ওফাজ উদ্দীন খান, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভানুড়া, পাবনা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে,

৫। সেহেতু, এক্ষনে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮ এর ৪(২)(ক) বিধি অনুযায়ী জনাব নাজমা খাতুন, পিতা: মৃত ওফাজ উদ্দীন খান, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভানুড়া, পাবনাকে তিরস্কার (Censure) দণ্ড প্রদান করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৫/-
(সিদ্ধিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

ই-মেইল-info@dgnm.gov.bd

ফোন নং-৯১৩৬৫৪৬।

তাং-----/১৪২৭ বঙ্গাব্দ
/২০২০ খ্রি:

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬৩.১৯২

২৪৫/১(২)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিভিল সার্জন, পাবনা।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভানুড়া, পাবনা।
- ৫। উপ-পরিচালক(পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (এ বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ করা হলো)।
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভানুড়া, পাবনা।
- ৭। জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস, পাবনা।
- ৮। জনাব নাজমা খাতুন, পিতা: মৃত ওফাজ উদ্দীন খান, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভানুড়া, পাবনা।
- ৯। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

শোভা শাহিনাজ
উপসচিব

পরিচালক(শৃঙ্খলা)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।